

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.১৫.

তারিখ: আষাঢ় ১৪২৯  
০৭ জুলাই ২০২২ খ্রি:

**বিষয়: জুলাই – সেপ্টেম্বর ২০২২ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।**

**General Condition (সাধারণ অবস্থা):**

১. গত জুলাই, আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর ২০২১ এবং জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল, মে ও জুন ২০২২ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +১৫.৯, +৪.৬, +৯.৩, +৬.৩, +১২.৫, +১৩.৮ এবং +৪.১, +৮.২, +১৩.৮, +২২.৬, +১৭.১ ও ২১.২ (Bureau of Meteorology, Australia)।

২. জুন ২০২২ মাসে সারাদেশে স্বাভাবিক বৃষ্টিপাত হয়েছে। তবে সিলেট, ময়মনসিংহ ও রংপুর বিভাগে স্বাভাবিক অপেক্ষা বেশী এবং ঢাকা, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগে স্বাভাবিক অপেক্ষা কম এবং চট্টগ্রাম বিভাগে স্বাভাবিক বৃষ্টিপাত হয়েছে। ৩১ মে ২০২২ তারিখে দক্ষিণপশ্চিম মৌসুমি বায়ু (বর্ষা) টেকনাক উপকূল পর্যন্ত অগ্রসর হয়। ০১ জুন তারিখে এটি আরো অগ্রসর হয়ে কক্সবাজার উপকূল পর্যন্ত পৌঁছে, ০২ জুন তারিখে এটি চট্টগ্রাম ও সিলেট বিভাগে বিস্তার লাভ করে এবং ০৩ জুন তারিখে এটি সারাদেশে বিস্তার লাভ করে। সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে ১৬-১৯ জুন সময়ে সিলেট, ময়মনসিংহ, রংপুর ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও ভারি থেকে অতিভারি বর্ষণ হয়। এ সময় এ মাসের দৈনিক সর্বোচ্চ বৃষ্টিপাত ৩০৪ মি.মি. সিলেটে (১৮ জুন ২০২২) রেকর্ড করা হয়। পশ্চিমা লঘুচাপের সাথে পূর্ববাহী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ০২ ও ০৯ জুন তারিখে সারাদেশে বিচ্ছিন্নভাবে প্রবল বজ্রপাত ও বিজলি চমকানো এবং অস্থায়ী দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাত হয়েছে। এ সময় এ মাসের সর্বোচ্চ বাতাসের গতিবেগ ঘণ্টায় ৫৬ কি.মি. (০৯ জুন, ঢাকায়) রেকর্ড করা হয়। ভারতের পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিমাঞ্চলীয় এলাকায় তাপীয় লঘুচাপ অবস্থান করায় ০৭-০৮, ১২-১৪ জুন তারিখে খুলনা ও রাজশাহী বিভাগে বিচ্ছিন্নভাবে মৃদু তাপপ্রবাহ বয়ে যায়। এ সময় দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.৫°সে. (চুয়াডাঙ্গায়, ১৩ জুন ২০২২) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৬°সে. এবং ০.৩°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, কালবৈশাখি ঝড়, তাপমাত্রা, তাপ প্রবাহ, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা জুন ২০২২ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিমো/লা-নিমা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক জুলাই – সেপ্টেম্বর ২০২২ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	জুলাই ২০২২ খ্রি:		আগস্ট ২০২২ খ্রি:		সেপ্টেম্বর ২০২২ খ্রি:		জুলাই ২০২২ খ্রি: মাসে মাটির আর্দ্রতা (০৫-৫০ সে.মি. পর্যন্ত)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	
ঢাকা	৩৬৮	৩৩০-৪০৫	৩১২	২৮০-৩৪০	২৭৮	২৫০-৩০৫	৪৫-৫০
ময়মনসিংহ	৪২৭	৩৮৫-৪৭০	৩৪০	৩০৫-৩৭৫	৩৫২	৩১৫-৩৮৫	৪৫-৫০
চট্টগ্রাম	৭২০	৬৯০-৭৯০	৫৫৬	৫০০-৬১০	৩১৭	২৮৫-৩৫০	৫৫-৬০
সিলেট	৫৭৯	৫২০-৬৩৫	৪৫৬	৪১০-৫০০	৪০৭	৩৬৫-৪৫০	৫৫-৬০
রাজশাহী	৩৬২	৩২৫-৪০০	২৭৯	২৫০-৩০৫	৩১৫	২৮৫-৩৪৫	৫০-৫৫
রংপুর	৪২৭	৩৮৫-৪৭০	৩৮০	৩৪০-৪১৫	৪১৭	৩৭৫-৪৬০	৫৫-৬০
খুলনা	৩৩৯	৩০৫-৩৭৫	২৯১	২৬০-৩২০	২৭৬	২৫০-৩০৫	৫০-৫৫
বরিশাল	৫১৯	৪৯০-৫৭০	৪৩৩	৩৯০-৪৭৫	৩১৬	৩৮৫-৩৫০	৫০-৫৫

**(ক) জুলাই ২০২২ খ্রি:**

- জুলাই মাসে বাংলাদেশে সার্বিকভাবে স্বাভাবিক বৃষ্টিপাত হতে পারে।
- জুলাই মাসে বঙ্গোপসাগরে ১-২ টি বর্ষাকালীন লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে ১ (এক) টি বর্ষাকালীন নিম্নচাপে পরিণত হতে পারে।
- নদ-নদীর অবস্থা: জুলাই মাসে ভারী বৃষ্টিপাতজনিত কারণে দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল, উত্তর-পশ্চিমাঞ্চল, উত্তর-মধ্যাঞ্চল এবং মধ্যাঞ্চলের কতিপয় স্থানে স্বল্প থেকে মধ্যমেয়াদী বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে, অপরদিকে দক্ষিণ-পূর্ব পার্বত্য অববাহিকার কতিপয় স্থানে স্বল্পমেয়াদী আকস্মিক বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।
- কৃষি আবহাওয়া: এ মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ৩.০-৪.০ মিঃমিঃ এবং গড় উজ্জ্বল সূর্য কিরণকাল ৩.০-৪.০ ঘণ্টা থাকতে পারে।

**(খ) আগস্ট ২০২২ খ্রি:**

- আগস্ট মাসে বাংলাদেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
- এ মাসে বঙ্গোপসাগরে ১-২ টি মৌসুমী নিম্নচাপ সৃষ্টি হতে পারে।

**(গ) সেপ্টেম্বর ২০২২ খ্রি:**

- সেপ্টেম্বর আগস্ট মাসে বাংলাদেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
- এ মাসে বঙ্গোপসাগরে ১-২ টি মৌসুমী নিম্নচাপ সৃষ্টি হতে পারে।

মাননীয় মন্ত্রী

কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

(মোঃ আজিজুর রহমান)

পরিচালক

ফোন: ৪৮১১২৪৫৬ (অফিস)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৩৫০০২১।
- মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ২২৩৩৮৬৫৫৯।
- মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্সঃ ৫৮১৫৩০২০।
- সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ২২৩৩৫২২১।
- সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫০৪০০।
- সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৭৪১।
- সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৫৮১৫২৫৩০।
- সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
- সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
- সচিব, খাদ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।